

বিমানের ফ্লাইটে বোমা হামলার হুমকি

- A Monitor Desk Report

Date: 22 January, 2025



ঢাকাঃ ইতালির রোম থেকে ঢাকাগামী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটে বোমা হামলার হুমকি দেওয়া হয়েছে। অপরিচিত একটি নম্বর থেকে বিমানবন্দরে ফোন করে এই হুমকি জানানো হয়।

বুধবার (২২ জানুয়ারি) বিমানবন্দরের নির্বাহী পরিচালক গুপ ক্যাপ্টেন কামরুল ইসলাম গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, বিজি-৩৫৬ নম্বর ফ্লাইটটি রোম থেকে ঢাকায় আসার পথে বিমান থেকে জানানো হয়, ওই বিমানের কেউ বা কোনো যাত্রী বোমা বিস্ফোরণের হুমকি দিয়েছে। এ অবস্থায় সকাল ৯টা ২০ মিনিটে বিমানটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেছে।

ফ্লাইটের ২৫০ জন যাত্রী ও ১৩ ক্রুকে বিমান থেকে বের করে টার্মিনালে আনা হয়েছে জানিয়ে তিনি বলেন, একটি অপরিচিত নম্বর থেকে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ফোন করে এই হুমকি দেয়া হয়।

তিনি আরও বলেন, বাংলাদেশ বিমানের ফ্লাইটে বোমা থাকার তথ্য নিয়ে বিমানবন্দরের নিরাপত্তা বিভাগ কাজ করছে। বর্তমানে নিরাপত্তাকর্মীরা বিমানটি ঘিরে রেখেছেন বলেও জানা যায়।

উল্লেখ্য, ফ্লাইটটি মঙ্গলবার (২১ জানুয়ারি) স্থানীয় সময় রাত ৮টায় রোমের লিওনার্দো দ্য ভিঞ্চি বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশ্যে রওনা হয়েছিলো।